ভোরের কাগজ

তারিখ ... পৃষ্ঠা ৬ কলাম ৪

SEP 15 2002

কিশোরগঞ্জ জামিয়াতুল ইমদাদিয়া মাদ্রাসা

প্রিন্সিপাল ও ভাইস প্রিন্সিপালের পাল্টাপাল্টি দাবি, উত্তেজনা

কিশোরগঞ্জ প্রতিনিধি : কিশোরগঞ্জ আল জামিয়াতুল ইমদাদিয়া মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত ভাইস প্রিন্সিপাল ও বিএনপি দলীয় সাবেক সংসদ সদস্য মাওলানা আতাউর রহমান খান সুষ্ঠুভাবে মাদ্রাসা পরিচালনার জন্য তিন দফা দাবি পেশ করেছেন। এদিকে ভাইস প্রিন্সিপালের বরখাস্ত আদেশ প্রত্যাহারের দাবিতে ছাত্ররা মাদ্রাসা ত্যাগ করে চলে যাওয়ায় সেখানে অচলাবস্থা বিরাজ করছে।

গত বুধবার কিশোরগঞ্জ শহরস্থ নূর মঞ্জিলে আয়োজিত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে তিনি দাবি করেন, জামিয়াকে অযোগ্য ও স্বার্থপর অধ্যক্ষের কবল থেকে মুক্ত করে সর্বজন শ্রদ্ধেয় মাওলানা কুতুবুদ্দীনকে এর অধ্যক্ষ করা, তার সাময়িক বরখাস্তের আদেশ বাতিল এবং ছাত্রদেরকে [illegible] মতামত থেকে বিচ্যুত করার ও অবরুদ্ধ করে রেখে মাদ্রাসা চালু রাখার অপপ্রয়াস বন্ধ করা হোক। তিনি তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করার পর গঠিত তিন সদস্যের তদন্ত কমিটির প্রতি তাঁর কোনো আস্থা নেই বলে জানান। কারণ সাময়িক বরখাস্ত আদেশে যারা সম্মতি দিয়েছেন তাদের মধ্যে উক্ত তিনজন সদস্য রয়েছেন। সংবাদ সম্মেলনে দীর্ঘ লিখিত বক্তব্যে তিনি বলেন, বর্তমানে মাদ্রাসার অবস্থা দুঃখজনকভাবে পতনশীল। অধ্যক্ষের সহজাত একনায়কসুলভ মনোভাবের কারণে সবকিছুই অকার্যকর ও ব্যর্থ হয়েছে।

এদিকে ভাইস প্রিন্সিপালের সাময়িক বরখাস্তের প্রতিবাদে গত শুক্রবার মাদ্রাসার পাঁচ শতাধিক আবাসিক ছাত্র মাদ্রাসা ছেড়ে চলে যাওয়ার পর মাদ্রাসা কার্যত অচল হয়ে পড়েছে। এখনো মাদ্রাসায় পুলিশ প্রহরা মোতায়েন রয়েছে।